

PRINT

# সমকাল

ডিএমপি'র সভায় নির্দেশনা

## শিক্ষাপ্রতিষ্ঠানে র্যাগিংয়ের নামে নির্যাতন চলবে না

১৩ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

ঢাকা মহানগরের কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে র্যাগিংয়ের নামে নির্যাতন করা চলবে না। শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এ ধরনের অভিযোগ পাওয়া গেলে সঙ্গে সঙ্গে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ছোটখাটো বিষয় থেকে যাতে শিক্ষাপ্রতিষ্ঠানে বড় ধরনের কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখতে হবে। গতকাল শনিবার মাসিক অপরাধ পর্যালোচনা বিষয়ক সভায় মাঠপর্যায়ের পুলিশ কর্মকর্তাদের এমন নির্দেশনা দেন ডিএমপি কমিশনার শফিকুল ইসলাম। ডিএমপি কমিশনারের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন সব বিভাগের ডিসি এবং ঢাকার ৫০টি থানার ওসিসহ উর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা।

বৈঠক সূত্রে জানা গেছে, ডিএমপি কমিশনার বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে র্যাগিংয়ের নামে নির্যাতন বন্ধে শিক্ষক ও ছাত্রছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মসূচি নিতে হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮-৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:  
ad.samakalonline@outlook.com

